

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

বিষয়: অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	: ড. সাদিয়া শারমিন যুগ্মসচিব (বাজেট ও এপিএ), পরিকল্পনা বিভাগ
তারিখ	: ২১ আগস্ট ২০২৪
সময়	: সকাল ১০.০০ ঘটিকা
স্থান	: ভবন-৯, কক্ষ-২৩, পরিকল্পনা বিভাগ
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে সভাকে জানানো হয়, ২০২৪-২৫ অর্থবছরে পরিকল্পনা বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় কার্যক্রম ৩.৪ অনুযায়ী অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে সভা/কর্মশালা আয়োজন করার নির্দেশনা রয়েছে।

- ২.০০ উপসচিব, পরিকল্পনা অধিশাখা জানান যে, উন্নয়ন খাতে বিভিন্ন অর্থবছরের মোট ১০টি অডিট আপত্তি রয়েছে। তিনি আরও উল্লেখ করেন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালক, পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশন-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হবে এবং ত্রিপক্ষীয় সভা করা প্রয়োজন।
- ৩.০০ এসএসআরসি'র প্রতিনিধি জানান, ২০১৭-১৮ অর্থবছরে রাজস্ব খাতে ১টি অভিযোগ নিষ্পত্তি হয়নি। অডিট আপত্তি'টি দৈনিক যুগান্তর পত্রিকা কর্তৃক ট্যাক্স পরিশোধ না করা সম্পর্কিত। সভাপতি এসএসআরসি'র প্রতিনিধিকে উক্ত অডিট আপত্তি'টি অডিট ও নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।
- ৪.০০ বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) প্রতিনিধি জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব ও উন্নয়ন খাতে যথাক্রমে ২টি করে অডিট আপত্তি রয়েছে। রাজস্ব খাতের অভিযোগ দু'টি হলো আপ্যায়ন ও গাড়ি সংক্রান্ত এবং উন্নয়ন খাতের অভিযোগ দু'টি সরাসরি মগদ ক্রয় সংক্রান্ত। সভাপতি, বিআইডিএস-এর প্রতিনিধিকে উক্ত অডিট আপত্তিসমূহ জরুরিভিত্তিতে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।
- ৫.০০ হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ জানান, ২০২৩-২৪ অর্থবছরে পরিকল্পনা কমিশন এবং পরিকল্পনা বিভাগে কোন অডিট আপত্তি নাই।
- ৬.০০ সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
 - ৬.০১ বিআইডিএস-এর রাজস্ব ও উন্নয়ন খাতভুক্ত অডিট আপত্তিসমূহ জরুরিভিত্তিতে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক পরিকল্পনা বিভাগ-কে অবহিত করতে হবে;
 - ৬.০২ এসএসআরসি'র অডিট আপত্তি'টি অতি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
 - ৬.০৩ উন্নয়ন খাতভুক্ত অডিট আপত্তিসমূহ জরুরিভিত্তিতে নিষ্পত্তির লক্ষ্যে পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালক-কে পরিকল্পনা অধিশাখা হতে পত্র প্রদান করতে হবে।
 - ৬.০৪ অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় অডিট সভা আয়োজন করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৫.০৮.২০২৪
ড. সাদিয়া শারমিন
যুগ্মসচিব (বাজেট ও এপিএ)
ও
এপিএ টিম লিডার
পরিকল্পনা বিভাগ।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য:

নং-২০.০০.০০০০.৩২৮.৩৯.০০২.২৪.১৯২


তারিখ: ১০ ভাদ্র ১৪৩১
২৫ আগস্ট ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপসচিব (পরিকল্পনা অধিশাখা/এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা;
২. সিনিয়র সহকারী সচিব (সাধারণ শাখা-১/২), পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৩. বাজেট অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৫. সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. উপসচিব (এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা;
২. সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. যুগ্মসচিব (বাজেট ও এপিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৫. সংশ্লিষ্ট নথি।


(এ.এস.এম লুৎফুল হাবিব)
গবেষণা কর্মকর্তা
ফোন: ৪৮১১২০৫৮
ro.pms@plandiv.gov.bd